গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং-৩২.০১.০০০০.০২১.২৯.০০২.২৪-৭২ তারিখ: ০৯/১০/২০২৪

বিষয়: **ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারনা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালু থাকা সংক্রান্ত ১ম ত্রৈমাসিক (জুলাই/২৪-সেপ্টেম্বর/২৪) প্রত্যয়ন।**

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের মাঠ পর্যায়ে ইত:পূর্বে বাস্তবায়িত ২২টি উদ্ভাবনী ধারণার মধ্যে ১৮ টি চলমান,৭ টি সহজিকৃত সেবা ও ২ টি ডিজিটাইজকৃত সেবা চালু রয়েছে।

ডিজিটাইজকৃত সেবার লিংক :-

| ক্র:নং | ডিজিটাইজকৃত সেবা | সেবার লিংক |
|---|---|---|
| ১. | স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন রেজিস্ট্রেশন আবেদন প্রক্রিয়া | dwacboreg.gov.bd |
| ২. | মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের প্রশিক্ষণ সংক্রান্ত ডাটাবেইজ প্রস্তুতকরণ | dwatraining.gov.bd |

সংযুক্ত: ১। হালনাগাদকৃত ডাটাবেজ ১০ পাতা।
২। আপলোডের স্ক্রিনসট ০৫ পাতা।

০৯/১০/২০২৪
(জাকিয়া আফরোজ)
পরিচালক ( অতি: সচিব)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রণালয়ের নাম: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

বিভাগের নাম : মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা

## মহিলা বিষয়ক অধিদপ্তরের সদর কার্যালয়সহ আওতাধীন দপ্তরসমূহে ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের হালনাগাদকৃত ডাটাবেজ

| ক্রমিক নং | ইতঃপূর্বে উদ্ভাবিত/ সহজিকৃত/ ডিজিটাইজকৃতসেবা/ আইডিয়ার নাম | সেবা/ আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/ আইডিয়াটি কার্যকর কিনা? কার্যকর না থাকলে কারণ | সেবা গ্রহীতারগণ প্রত্যাশিত সেবা পাচ্ছেন কিনা? | সেবার লিংক | সেবা/ আইডিয়াটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণকারী | বাস্তবায়নকাল (অর্থবছর) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | সুরক্ষিত বয়:সন্ধিকাল | সুরক্ষিত বয়:সন্ধিকাল ইনোভেশন আইডিয়ার মাধ্যমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও জেন্ডার প্রোমোটাররা কিশোর-কিশোরী ক্লাবের সদস্যদের বাল্যবিবাহের কুফল ও ভার্চুয়াল জগতের নেতিবাচক দিক গুলো সম্পর্কে সচেতন করে তুলবে। এছাড়া সচেতনতামূলক ভিডিও, গান, সিনেমা প্রদর্শনের মাধ্যমে শিষ্টাচার, নৈতিকতা, মূল্যবোধ জাগ্রত করে প্রতিটি কিশোর-কিশোরীকে Change agent হিসেবে গড়ে তুলবে। একইভাবে এসব কিশোর-কিশোরীরা অন্যকে ও ভিকটিম হতে দেখলে সাহায্য করার জন্য এগিয়ে আসবে। কিশোর- কিশোরী ক্লাবের সদস্যরা তার বিদ্যালয় কিংবা এলাকার কোন শিশুকে বাল্যবিবাহ কিংবা পারিবারিক সহিংসতার শিকার হতে দেখলে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা অথবা হেল্প লাইন নম্বর- ১০৯ এ ফোন করে জানাবে।। | কার্যকর | প্রত্যাশিত সেবা পাচ্ছেন | - | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শ্যামনগর, সাতক্ষীরা গোদাগাড়ী, রাজশাহী, নিয়ামতপুর, নওগাঁ পরশুরাম, ফেনী খোকসা, কুষ্টিয়া ঘিওর ও শিবালয়, মানিকগঞ্জ | ২০২১-২২ |
| ২ | অপরাজেয় নারী | মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতাধীন ৬টি বিভাগীয় শহরে মহিলা সহায়তা কেন্দ্রে নির্যাতিত নারী ও শিশুরা যথাযথ আইনী সেবা পায় না। আশ্রয় কেন্দ্রের বোর্ডারগণ প্রচলিত (সেলাই) প্রশিক্ষণ পদ্ধতির কারণে উপকৃত হয় না। “অপরাজেয় নারী” গড়ে তোলার উদ্ভাবনী উদ্যোগের আওতায় অনধিক ১৫ দিনে অভিযোগ নিষ্পত্তি, নতুন নতুন বিষয়ে প্রশিক্ষণ চালু করা এবং প্রশিক্ষণের সংখ্যা বৃদ্ধি, বোর্ডারদের স্বাবলম্বী হওয়ার জন্য আর্থিক অনুদান ও প্রয়োজনীয় উপকরণ সরবরাহ করা। | কার্যকর নয় ৬টি বিভাগীয় শহরে মহিলা সহায়তা কেন্দ্রে নির্যাতিত - নারী ও শিশুরা (বোর্ডারদের) সংখ্যা কম | - | - | সহকারী পরিচালক মহিলা সহায়তা কেন্দ্র খুলনা, বরিশাল | ২০২০-২১ |

হাসিনা আখতার খানম
সহকারী পরিচালক (অর্থ) ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা

জাকিয়া আফরোজ
পরিচালক (অতিরিক্ত সচিব)
মহিলা বিষয়ক অধিদপ্তর

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৩ | নির্ভয়ে পথচলা | শিক্ষা প্রতিষ্ঠানে যৌন হয়রানি অভিযোগ সংক্রান্ত কোন বাক্স না থাকা এবং বিদ্যমান কমিটি সক্রিয় না থাকায় যৌন হয়রানীর শিকার স্কুলগামী মেয়েদের অভিযোগ দাখিলের সহজ ব্যবস্থা না থাকায় স্কুল থেকে ঝড়ে পড়ার হার বৃদ্ধি সহ বাল্য বিবাহের প্রবণতা বেড়ে যায়। অনেক ক্ষেত্রে মেয়েরা মানসিকভাবে বিপর্যস্থ হয়ে পড়ে। "নির্ভয়ে পথচলা" উদ্ভাবন উদ্যোগটির মাধ্যমে যৌন হয়রানী সংক্রান্ত স্বচ্ছ অভিযোগ বাক্স স্থাপন, গোপনীয়তা রক্ষা করে স্কুলগামী মেয়েদের যৌন হয়রানির হাত থেকে রক্ষা করার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করা। | কার্যকর | প্রত্যাশিত সেবা পাচ্ছেন | | উপপরিচালক বগুড়া, প্রোগ্রাম অফিসার নরসিংদী | ২০২০-২১ |
| ৪ | আলোর ভূবনে নারী | নির্যাতিত নারী ও শিশুরা মানসিক ভাবে হতাশাগ্রস্থ এবং সিদ্ধান্তহীনতায় ভোগেন। সেবা প্রদানকারী সংস্থা সম্পর্কে অজ্ঞ থাকায় হয়রানির শিকার, পরনির্ভরশীল এবং বিপদগামী হয় (পাচার, দেহ ব্যবসা, মাদক ব্যবসায় জড়িত ইত্যাদি)। নারী ও শিশুদের নির্যাতনের প্রতিরোধ সেল/কমিটির মাধ্যমে নির্যাতনের প্রতিকার ব্যবস্থা নেয়া হলেও মনোসামাজিক ও কারিগরি প্রশিক্ষণ এবং ঋণ প্রদান করে তাদের স্বাবলম্বী করে তোলার ব্যবস্থা নাই। "আলোর ভূবনে নারী" উদ্ভাবন উদ্যোগটি বাস্তবায়ন করে মনোসামাজিক কাউন্সেলিং এর জন্য মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাল্টিসেক্টরাল প্রোগ্রামের মাধ্যমে নির্যাতিত নারীদের মানসিকভাবে উজ্জীবিত করা। একই সাথে মহিলা বিষয়ক অধিদপ্তরের ৭টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করে স্বাবলম্বী করে তোলা। | কার্যকর | প্রত্যাশিত সেবা পাচ্ছেন | | উপপরিচালক, ফেনী, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ছাগলনাইয়া ফেনী | ২০২০-২১ |
| ৫ | স্কুল পর্যায়ে অভিভাবকদের নিয়ে বাল্যবিবাহ নিরোধ সংক্রান্ত সচেতনতা বৃদ্ধিমূলক সভার আয়োজন করা | স্কুল পর্যায়ের অভিভাবকগণ বাল্যবিবাহ সর্ম্পকে সচেতন নয়। সচেতনতার অভাব, দারিদ্রতা, কুসংস্কার ও ধর্মীয় গোড়ামী, সামাজিক নিরাপত্তার অভাব, দৃষ্টিভঙ্গির পরিবর্তন না করা, যৌন হয়রানী ইত্যাদি কারণে স্কুল পর্যায়ের ছাত্রীদের বাল্যবিবাহ সংগঠিত হচ্ছে । এর ফলে বহুবিবাহ, বিবাহ বিচ্ছেদের হার বৃদ্ধি, নারী নির্যাতনের হার বৃদ্ধি, নারীর ক্ষমতায়ন বাধাগ্রস্থ হচ্ছে। সর্বোপরি এসডিজি বাস্তবায়নে জটিলতা সৃষ্টি হচ্ছে। | কার্যকর | প্রত্যাশিত সেবা পাচ্ছেন | | উপপরিচালক যশোর | ২০১৯-২০ |

হাসিনা আখতার খানম
সহকারী পরিচালক (অর্থ) ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা

জাকিয়া আফরোজ
পরিচালক (অতিরিক্ত সচিব)
মহিলা বিষয়ক অধিদপ্তর
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৬ | অফিসে আগত সেবা গ্রহিতাদের নিরাপদ খাবার পানি ও স্বাস্থ্য সম্মত টয়লেট সেবা প্রদানের ব্যবস্থা করা | উপজেলার অফিস পাড়ায় মহিলা ও শিশু সেবা গ্রহীতাদের জন্য আলাদা ভাবে নিরাপদ খাবার পানি ও স্বাস্থ্যসম্মত টয়লেটের ব্যবস্থা নেই। এ অবস্থার প্রেক্ষিতে অফিসে আগত সেবা গ্রহীতাদের নিরাপদ খাবার পানি ও স্বাস্থ্য সম্মত টয়লেট সেবা প্রদানের ব্যবস্থা করা। | কার্যকর | প্রত্যাশিত সেবা পাচ্ছেন | | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সরাইল, বি- বাড়িয়া | ২০১৯-২০ |
| ৭ | মোবাইল নেটওয়ার্কিং এর মাধ্যমে নারী ও শিশুদের প্রতারণা/নির্যাতন রোধে মা সহ ছাত্রীদের সমন্বয়ে সচেতনতামূলক সভা করা | তথ্য প্রযুক্তিতে দেশ এগিয়ে যাচ্ছে এবং সেই সাথে জনগণের হাতের মুঠোয় পৃথিবী। যুগোপযোগী তথ্য প্রযুক্তিতে জনগণের দোর গোড়ায় সকল সেবা পৌছে যাচ্ছে। সেই সাথে নারী ও শিশু মোবাইল নেট ওয়ার্কিং এর অপব্যবহারে প্রতারিত/নির্যাতনের স্বীকার হচ্ছে। এ উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে স্কুল পর্যায়ের মা সহ ছাত্রীদের সমন্বয়ে মেবাইল নেটওয়াকিং এর অপব্যবহার সম্পর্কে সচেতনতামূলক সভা করা হচ্ছে। | কার্যকর | প্রত্যাশিত সেবা পাচ্ছেন | | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শ্রীপুর গাজিপুর | ২০১৯-২০ |
| ৮ | বাল্যবিবাহ নিরোধ ঘন্টা | ডিজিটাল সিস্টেমের আওতায় বাল্যবিবাহ প্রতিরোধ । “বাল্য বিবাহ নিরোধ ঘন্টা” উদ্ভাবনী উদ্যোগের আওতায় সমগ্র বাংলাদেশের প্রতিটি স্কুলের সমাবেশে শপথ আকারে একটি ইউনিক শ্লোগান **“আগে শিক্ষা পরে বিয়ে, আঠার /একুশ পার হয়ে”** পাঠ করার ব্যবস্থা গ্রহণ করা হবে । | কার্যকর | প্রত্যাশিত সেবা পাচ্ছেন | | উপপরিচালক ঝালকাঠি, সাতক্ষীরা, যশোর, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মহেশপুর ঝিনাইদহ | ২০১৯-২০ |
| ৯ | ভিজিডি উপকারভোগীদের সঞ্চয় জমা সহজিকরণ | উপকারভোগীদের দল গঠন করে দলনেতার মাধ্যমে সংশ্লিষ্ট ইউনিয়নের নিকটবর্তী ব্যাংক/এজেন্ট ব্যাংকে স্ব স্ব হিসাব খোলা এবং নির্ধারিত তারিখে সঞ্চয় জমা পূর্বক খাদ্য (চাল) গ্রহণ। | কার্যকর | প্রত্যাশিত সেবা পাচ্ছেন | | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা রাজাপুর ,ঝালকাঠি, ভূরুঙ্গামারী কুড়িগ্রাম, শ্রীপুর,গাজীপুর | ২০১৯-২০ |
| ১০ | মহিলা বিষয়ক অধিদপ্তরের উপজেলা পর্যায়ের প্রশিক্ষণার্থীদের উৎপাদিত পণ্য বাজারজাত সহজিকরণ | উপজেলা পর্যায়ের প্রশিক্ষণার্থীদের উৎপাদিত পণ্য বাজারজাত সহজিকরণ ” উদ্ভাবনটি বাস্তবায়নের লক্ষ্যে প্রশিক্ষণার্থীদের উৎপাদিত পণ্যের গুনগত মান বজায় রেখে মহিলা বিষয়ক অধিদপ্তরের নিয়ন্ত্রণে “বহ্নি” নামে শপিং অ্যাপস চালু করে পন্যের বাজারজাতকরণের মাধ্যমে তৃণমূল পর্যায়ে নারীদেরকে উদ্যোক্তা হিসাবে প্রতিষ্ঠিত করা। | কার্যকর নেই প্রশিক্ষণার্থীদের উৎপাদিত পণ্যের গুনগত মান বজায় রেখে মহিলা বিষয়ক অধিদপ্তরের নিয়ন্ত্রণে “বহ্নি” নামে শপিং অ্যাপস চালু করা সম্ভব হয় নাই | | | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সিরাজদিখান মুন্সিগঞ্জ, ভাংগুরা, সুজানগর পাবনা, বাউফল পটুয়াখালি, বাসাইল টাংগাইল | ২০১৯-২০ |

হাসিনা আখতার খানম
সহকারী পরিচালক (তথ্য) ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা

জাকিয়া আফরোজ
পরিচালক (অতিরিক্ত সচিব)
মহিলা বিষয়ক অধিদপ্তর
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১১ | ক্ষুদ্র নৃ- গোষ্ঠী নারীদের চাহিদাভিত্তিক প্রশিক্ষণ প্রদান ও স্বাবলম্বী হতে সাহায্য করা। | দরিদ্রতা, শিক্ষার অভাব, সামাজিক অসচেতনতা, তথ্যের অপ্রত্যুলতা, কর্মসংস্থানের সুযোগ না থাকার ফলে ক্ষুদ্র নৃ - গোষ্ঠী নারীরা পারিবারিক ও সামাজিক ভাবে বৈষম্যের স্বীকার হয়। যার ফলে এক দিকে যেমন সামাজিক নিরাপত্তার অভাব ঘটে, পারিবারিক নির্যাতনের স্বীকার হয় সেই সাথে যৌতুকসহ বাল্যবিবাহ বিচ্ছেদের প্রবণতা বৃদ্ধি পায়। এই উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী নারীদের(১৮-৫০) বছর ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ প্রদান, ঋণ প্রদান করা হবে। ফলে সক্ষমতা বৃদ্ধি সহ অর্থনৈতিক ভাবে সাবলম্বী হবে সেই সাথে সামাজিক নিরাপত্তা বৃদ্ধি পাবে এবং বাল্য বিবাহ, যৌতুক, পারিবারিক নির্যাতন সহ বিবাহ বিচ্ছেদের হার হ্রাস পাবে। | কার্যকর | প্রত্যাশিত সেবা পাচ্ছেন | | উপপরিচালক, নাটোর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ক্ষেতলাল, জয়পুরহাট | ২০১৭-১৮ |
| ১২ | ভিজিডি উপকারভোগী মহিলাদের স্বাস্থ্য সচেতনতা ও স্বাস্থ্যসেবা প্রদান | **৪০-৫০ বছরের ভিজিডি উপকারভোগীদের মধ্যে স্বাস্থ্য বিষয়ক সচেতনতা অভাব**, প্রচারণার অভাব, স্বাস্থ্য সেবা প্রাপ্তিতে অপ্রতুলতা, অসুস্থ থাকায় পরনির্ভরশীলতা বৃদ্ধি এবং পরিবারের সদস্যদের অশান্তি সৃষ্টি হয়। এ অবস্থার প্রেক্ষিতে এই উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা কর্তৃক ওয়ার্ড ভিত্তিক স্বাস্থ্য সেবা প্রদান করা। খাদ্য বিতরণের তারিখ এসএমএস এর মাধ্যমে জানানো, নির্ধারিত তারিখে উপজেলা স্বাস্থ্য দপ্তরের ডাক্তারের মাধ্যমে স্বাস্থ্য সেবা ও স্বাস্থ্য সচেতন করা হবে। খাদ্য বিতরণের সাথে স্বাস্থ্য সেবা দেয়া হবে। | কার্যকর | প্রত্যাশিত সেবা পাচ্ছেন | | উপপরিচালক, নারায়ণগঞ্জ | ২০১৭-১৮ |
| ১৩ | হাওর অঞ্চলে মৌসুম ভিত্তিক ঝুঁকিপূর্ণ পরিবারকে চিহ্নিত করে প্রশিক্ষণ ও আয়বর্ধক কার্মকান্ডে সম্পৃক্ত করণ | **মৌসুম** ভিত্তিক বেকারত্বের কারণে বা হাওরের জলাবদ্ধতার কারণে (পানিবৃদ্ধি/ বন্যা/ অতি বন্যা) ঝুকিঁপূর্ণ পরিবার চিহ্নিত করে প্রশিক্ষণ **প্রদানের মাধ্যমে** সক্ষমতা বৃদ্ধি, আত্ন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, দারিদ্রতা হ্রাসসহ নারীর প্রতি সহিংসতা **হ্রাস করা। ফলে এই উদ্যোগ গ্রহণে নারীর ক্ষমতায়ন ও আত্ম নির্ভরশীল হবে।** | কার্যকর নয় উপজেলা পর্যায়ে জনবল সল্পতার কারণে ঝুকিপূর্ণ পরিবার নির্বাচন করা সম্ভব হচ্ছে না | | | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাজিতপুর, কিশোরগঞ্জ | ২০১৭-১৮ |
| ১৪ | আগ্রহী যৌন পল্লীর যৌনকর্মী ও তাদের শিশু কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ, | যৌনকর্মে নিয়ুক্ত যৌনকর্মীরা সমাজ হতে বিচ্যুত। তারা স্বাস্থ্য সেবা ,সুস্থ সামাজিক জীবন হতে বিচ্যুত। এ কারণে তাদেরকে স্বাভাবিক জীবনে ফিরে এনে আয়বর্ধণ মূলক কর্মে সম্পৃক্ত করার জন্যই এই আইডিয়া নেয়া হয়েছে। শিশু এবং | কার্যকর | প্রত্যাশিত সেবা পাচ্ছেন | | উপপরিচালক, রাজবাড়ী | ২০১৭-১৮ |

হাসিনা আখিতার খানম
সহকারী পরিচালক (অর্থ) ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা

জাকিয়া আফরোজ
পরিচালক (অতিরিক্ত সচিব)
মহিলা বিষয়ক অধিদপ্তর
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | শিক্ষা ওপূনর্বাসন এর ব্যবস্থা করা | কিশোর, কিশোরী যারা যৌনপল্লীতে বর্তমানে অবস্থান করছে তারা সবচেয়ে ঝুঁকিপূর্ণ। বর্তমান পরিস্থিতিতে মাদকের আসক্তি, অসামাজিক ক্রিয়াকালাপে এ সকল শিশু কিশোর জড়িত হয়ে পড়েছে। এ কারণে সচেতনতা মূলক প্রশিক্ষণ, আত্মা নির্ভরশীল অথ্যাৎ আয়বর্ধক মূলক কর্মে সম্পৃক্ত করে তাদেরকে পূর্নবাসনের ব্যবস্থা করা জরুরী প্রয়োজন।<br>যৌনকর্মীদের মধ্যে আত্মাবিশ্বাস ও মনোবল বৃদ্ধি করার জন্য সচেতনতা মুলক প্রশিক্ষণ **প্রদান** কাউন্সেলিং **করে উদ্বুদ্ধ করা।** বিভিন্ন দপ্তর যেমন স্বাস্থ্য, শিক্ষা, সমাজ সেবা অধিদপ্তর এর সাথে লিঙ্ক তৈরি করে একযোগে কাজ **করা**।<br>যে সমস্ত যৌনকর্মী সুস্থ সামাজিক জীবনে ফিরে আসতে চান তাদেরকে সেভ হোমের ব্যবস্থায় এনে প্রশিক্ষণ/ঋণ প্রদান করতে হবে। প্রশাসন,স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের নিয়ে সভা সহ **উদ্বুদ্ধ**করণ কর**তে** হবে। | | | | | |
| ১৫ | আত্মহত্যা প্রতিরোধে ঝুঁকিপূর্ণ কিশোর কিশোরী নারী পুরুষদের কাউন্সেলিং, প্রশিক্ষণ প্রদান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি। | এ উদ্ভাবনের মাধ্যমে দরিদ্র, বেকারত্ব, হতাশাগ্রস্থ, মাদকাসক্তদেরকে বিভিন্ন ধরনের সভা, কাউন্সেলিং, প্রশিক্ষণ প্রদান করে আত্মকর্মসংস্থানের উপযোগী করে তোলা এবং আত্মহত্যার প্রবণতা হতে বের করে আনা। | কার্যকর | প্রত্যাশিত সেবা পাচ্ছেন | , বাঘারপাড়া ,যশোর | উপপরিচালক, খুলনা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মুজিবনগর, মেহেরপুর,শরণখোলা, বাগেরহাট | ২০১৭-১৮ |
| ১৬ | নির্যাতিত এবং ঝুঁকিপূর্ণ মেয়ে শিশু শ্রমিকদের স্কুলগামী করা এবং কারিগরি প্রশিক্ষণের ব্যবস্থা করা। | দরিদ্রতা,সচেতনতার অভাব,শিক্ষার অভাব এবং ঝরে পড়ার কারণে ঝুঁকিপূর্ণ কাজে মেয়ে শিশুদের অন্তর্ভূক্তি দিনদিন বৃদ্ধি পাচ্ছে এবং নির্যাতিত হচ্ছে। পরিণতিতে মেয়ে শিশুরা শিক্ষা থেকে, আত্ম কর্মসংস্থানের সুযোগ থেকে বঞ্চিত। এই উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে বিভিন্ন কারিগরি ও সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হলে<br>অকাল মৃত্যু, বাল্যবিবাহ রোধ হবে এবং কর্মসংস্থানের সৃষ্টি হবে। | কার্যকর | প্রত্যাশিত সেবা পাচ্ছেন | | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা পীরগাছা, মিঠাপুকুর রংপুর | ২০১৭-১৮ |
| ১৭ | নারীর ক্ষমতায়ন, মানবতার উন্নয়ন | স্বামী পরিত্যাক্তা, বিধবা ও তালাকপ্রাপ্তা মহিলারা নারী নির্যাতন, মানব পাচার, পতিতাবৃত্তি ও আত্মহত্যা সহ বিভিন্ন ধরণের নির্যাতনের শিকার হয়। অন্যদিকে তাদের সন্তানরা শিশু নির্যাতন, শিশু পাচার, অনৈতিক কার্যকলাপ, মাদকাসক্ত | কার্যকর | প্রত্যাশিত সেবা পাচ্ছেন | | উপরিচালক মাগুড়া | ২০১৭-১৮ |

হাসিনা আখতার খানম
সহকারী পরিচালক (অর্থ) ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা

জাকিয়া আফরোজ
পরিচালক (অতিরিক্ত সচিব)
মহিলা বিষয়ক অধিদপ্তর
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | ও সন্ত্রাসী হওয়ার ঝুঁকিতে থাকে।<br>আইডিয়া বাস্তবায়নের পর বিধবা, স্বামী পরিত্যাক্তা ও তালাকপ্রাপ্তা মহিলারা যারা সমাজের বোঝা/ নিগৃহীত তারা অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হয়ে সমাজে সম্মানের সাথে বাঁচতে পারবে। মহিলাদের অর্থনৈতিক ভাবে আত্মনির্ভরশীল করার মাধ্যমে তাদের সন্তানদের সুনাগরিক হিসাবে গড়ে তোলার সুযোগ সৃষ্টি হবে। তাদের শিশুরাও আর দশজন স্বাভাবিক শিশুর মত স্বাভাবিক পরিবেশে বেড়ে উঠতে পারবে । দেশের উন্নয়নে ভূমিকা রেখে তারা হতে পারবে দেশের উন্নয়নের একজন গর্বিত অংশীদার। | | | | | |
| ১৮ | লিংকেজ করবো সাবলম্বী করবো | মূলধন এবং উৎপাদিত পণ্যের বিক্রয়ের সুযোগ না থাকায় তৃণমূল পর্যায়ের মহিলারা স্বনির্ভর হতে পারছে না। ঋণ প্রদান এবংবিক্রয়ের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে সংযোগ স্থাপনের মাধ্যমে মহিলাদেরকে অর্থনৈতিক ভাবে স্বাবলম্বী করা হবে। | কার্যকর | প্রত্যাশিত সেবা পাচ্ছেন | | উপরিচালক যশোর | ২০১৭-১৮ |
| ১৯ | ক্ষুদ্রঋণ সেবা সহজিকরণ | গ্রামীণ নারীরা বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ শেষ করে ক্ষুদ্র ব্যবসা পরিচালনা করে আত্মকর্মসংস্থানের জন্য ঋণ নিতে আগ্রহী হয়। তবে এ ব্যাপারে তারা কোনো তথ্যই জানেনা। ফলে বিভিন্ন তথ্য জানা থেকে শুরু করে ঋণের আবেদন করা এবং ঋণ গ্রহণ পর্যন্ত কয়েকবার জেলা মহিলা বিষয়ক কার্যালয়ে যাতায়াত করে সময় ও আর্থিক ক্ষতির/হয়রানির সম্মুখীন হয়ে ঋণ গ্রহণে আগ্রহ হারিয়ে ফেলে।এমনকি ঋণের টাকার সময়মত ব্যবহার এবং ঋণের কিস্তি পরিশোধে বিলম্ব হয়। এ অবস্থা উত্তোরণের লক্ষ্যে এই উদ্ভাবনী উদ্যেগ গ্রহণ করা হয়। | কার্যকর | প্রত্যাশিত সেবা পাচ্ছেন | | উপরিচালক নোয়াখালি | ২০১৭-১৮ |
| ২০ | নারী পুরুষের সমন্বয়ে উঠান বৈঠক এর মাধ্যমে সামাজিক দৃষ্টিভঙ্গির পরিবর্তন। | এই উদ্যোগের মাধ্যমে পুরুষদেরকে উঠান বৈঠকের আওতায় আনা, পুরুষদের সুবিধাজনক সময়ে উঠান বৈঠকের আয়োজন করা নারীর মৌলিক অধিকারের উপর গুরুত্ব আরোপ করা, সচেতনতা সৃষ্টি ও সামাজিক দৃষ্টিভঙ্গির পরিবর্তনে সহযোগিতা করা। নারী –পুরুষকে এক অন্যের পরিপূরক হিসেবে সহযোগিতা প্রদান। সর্বোপরি নারীর ক্ষমতায়নে ও সিদ্ধান্তে সহযোগিতা করা। | কার্যকর | প্রত্যাশিত সেবা পাচ্ছেন | - | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, লাখাই, হবিগঞ্জ | ২০১৭-১৮ |

হাসিনা আখতার খানম
সহকারী পরিচালক (অর্থ) ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা

জাকিয়া আফরোজ
পরিচালক (অতিরিক্ত সচিব)
মহিলা বিষয়ক অধিদপ্তর
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ২১ | ৫১-৬১ বছর বয়সী দু:স্থ ও অবহেলিত গ্রামীণ নারীদের সামাজিক নিরাপত্তা বৃদ্ধিকরণ। | শিক্ষার অভাব,অসচেতনতা, অজ্ঞতা, দরিদ্রতা দুর্বল পারিবারিক বন্ধন এবং একক পরিবার গঠনের প্রবণতা বৃদ্ধি পাওয়ার কারণে ৫১-৬১ বছর বয়সী দু:স্থ ও অবহেলিত গ্রামীণ নারীদের সামাজিক নিরাপত্তা বেষ্টণীর আওতাভুক্ত না হওয়ায় অবহেলিত অস্বাস্থ্যকর জীবন যাপন করে। আশ্রয়হীন হয়ে পড়ে এবং বিষন্নতায় ভোগে । একসময় নিজেকে সমাজের বোঝা মনে করে ভিক্ষা বৃত্তিতে জড়িয়ে পড়ে। এ প্রেক্ষিতে উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে ইত:মধ্যে যারা বিভিন্ন বিষয়ে দক্ষ কিন্তু কাজের সুযোগ পাচ্ছেন না তাদেরকে দক্ষতা অনুযায়ী আর্থিক ও অন্যান্য সুবিধা দেওয়া হবে, বিষয় ভিত্তিক প্রশিক্ষণ দেওয়া হবে। | কার্যকর নয় ৫১-৬১ বছর বয়সী দু:স্থ ও অবহেলিত গ্রামীণ নারীদের সামাজিক নিরাপত্তা বেষ্টণীর আওতাভুক্ত না হওয়া | | - | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কালিয়াকৈর, গাজীপুর দোহার, ঢাকা | ২০১৭-১৮ |
| ২২ | জয়িতা জয়যাত্রা (নির্বাচিত জয়িতাদের সাথে নেটওয়ার্কিং তৈরির প্রয়াস) | প্রতি বছর উপজেলা পর্যায়ে থেকে নির্বাচিত জয়িতাদের একটি ফোরামে যুক্ত করা হয় এই জয়িতাদের মাধ্যমে স্থানীয়ভাবে বাল্য বিয়ে প্রতিরোধ, কন্যা শিশু শিক্ষা গ্রহণ উদ্বুদ্ধকরণ, ক্ষুদ্র উদ্যোক্তাদের পরামর্শ প্রদান, নির্যাতিত নারীদের আত্ম বিশ্বাস বাড়ানো সহ বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করা হবে। এর ফলে জয়িতা মর্যাদা ও সম্মান প্রাতিষ্ঠানিক রূপ পাবে। জয়িতারা স্থানীয় রোলমডেল হিসেবে বিবেচিত হবে। | কার্যকর | প্রত্যাশিত সেবা পাচ্ছেন | - | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহালছড়ি, খাগড়াছড়ি, সৈয়দপুর ,নীলফামারী | ২০১৭-১৮ |

হাসিনা আখতার খানম
সহকারী পরিচালক (প্রশা) ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা

জাকিয়া আফরোজ
পরিচালক (অতিরিক্ত সচিব)
মহিলা বিষয়ক অধিদপ্তর
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

সেবা সহজিকরণ

| ক্রমিক নং | ইতঃপূর্বে উদ্ভাবিত/ সহজিকৃত/ ডিজিটাইজকৃতসেবা/ আইডিয়ার নাম | সেবা/ আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/ আইডিয়াটি কার্যকর কিনা? কার্যকর না থাকলে কারণ | সেবা গ্রহীতারগণ প্রত্যাশিত সেবা পাচ্ছেন কিনা? | সেবার লিংক | সেবা/ আইডিয়াটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণকারী | বাস্তবায়নকাল (অর্থবছর) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | দু:স্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল | মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক দু:স্থ মহিলা ও শিশুদের আর্থিক সহয়তা প্রদান করা হয়ে থাকে। | কার্যকর | প্রত্যাশিত সেবা পাচ্ছেন | মাইগভ প্লাটফর্ম ব্যবহার করে আবেদনপত্রটি ডিজিটাল করা হয়েছে। | এসপিএস ফোকাল এবং সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা /কর্মচারী | ২০২৩-২৪ |
| ২ | মহিলা প্রশিক্ষণ ও উন্নয়ন একাডেমীর মাধ্যমে মহিলাদের বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান। | মহিলা বিষয়ক অধিদপ্তরের সদর কার্যালয়ের মহিলা প্রশিক্ষণ ও উন্নয়ন একাডেমীর মাধ্যমে বিভিন্ন ধরনের বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। | কার্যকর | প্রত্যাশিত সেবা পাচ্ছেন | মাইগভ প্লাটফর্ম ব্যবহার করে আবেদনপত্রটি ডিজিটাল করা হয়েছে। | এসপিএস ফোকাল এবং সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা /কর্মচারী | ২০২২-২৩ |
| ৩ | পারিবারিক নির্যাতনের শিকার নারীদের প্রতিকার প্রদান প্রক্রিয়া | সমাজে অবহেলিত পিছিয়ে পরা নারী যারা প্রতিনিয়ত ব্যক্তি, পরিবার ও সমাজ দ্বারা বিভিন্নভাবে নির্যাতনের তথা হয়রানির শিকার হচ্ছে তাদের প্রতিকার প্রদানের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তর সেবা দিয়ে থাকে। | কার্যকর | প্রত্যাশিত সেবা পাচ্ছেন | মাইগভ প্লাটফর্ম ব্যবহার করে আবেদনপত্রটি ডিজিটাল করা হয়েছে। | এসপিএস ফোকাল এবং সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা /কর্মচারী | ২০২১-২২ |
| ৪ | মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম। | মহিলা বিষয়ক অধিদপ্তর থেকে তৃণমূল পর্যায়ের দু:স্থ মহিলাদের স্বাবলম্বী ও অর্থনৈতিক কর্মকান্ডে সম্পৃক্ত করার লক্ষ্যে আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়ে থাকে। | কার্যকর | প্রত্যাশিত সেবা পাচ্ছেন | http://43.229.15.147 | এসপিএস ফোকাল এবং সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা /কর্মচারী | ২০২০-২১ |
| ৫ | মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের প্রশিক্ষণ সংক্রান্ত ডাটাবেইজ প্রস্তুতকরণ | মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন সদর কার্যালয় ও মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের প্রশিক্ষণ সংক্রান্ত ডাটাবেইজ প্রস্তুতকরণ | কার্যকর | প্রত্যাশিত সেবা পাচ্ছেন | http://114.130.119.229/admin | এসপিএস ফোকাল এবং সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা /কর্মচারী | ২০২০-২১ |

হাসিনা আখতার খানম
সহকারী পরিচালক (অর্থ) ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা

জাকিয়া আফরোজ
পরিচালক (অতিরিক্ত সচিব)
মহিলা বিষয়ক অধিদপ্তর

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৬ | স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন রেজিস্ট্রেশন আবেদন প্রক্রিয়া | মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন মহিলা স্বেচ্ছাসেবী সংগঠন সমূহ রেজিস্ট্রেশনের জন্য মাঠ পর্যায়ের উপপরিচালকের কার্যালয়ে আবেদন করে থাকে। | কার্যকর | প্রত্যাশিত সেবা পাচ্ছেন | http://cboreg.dwa.gov.bd | এসপিএস ফোকাল এবং সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা/ কর্মচারী | ২০১৯-২০ |
| ৭ | কর্মজীবী মহিলা হোস্টেলে সিট বরাদ্দ ও প্রাপ্তি প্রক্রিয়া | নারীদের অর্থনৈতিক কর্মকান্ডে অধিক হারে সম্পৃক্তকরণের লক্ষ্যে মহিলা বিষয়ক অধিপ্তরের আওতায় কর্মজীবী মহিলা হোস্টেলের মাধ্যমে কর্মজীবী নারীদের নিরাপদ আবাসন সেবা প্রদান করা হচ্ছে। মহিলা বিষয়ক অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত ঢাকাস্থ (নীলক্ষেত, মিরপুর, খিলগাও) ৩টি এবং স্ব- অর্থায়নের ঢাকার বাইরের জেলা শহর চট্টগ্রাম রাজশাহী, খুলনা ও যশোরে ০১টি করে মোট ০৭ টি কর্মজীবী মহিলা হোস্টেল পরিচালিত হচ্ছে। ০৯ টি কর্মজীবী হোস্টেলে মোট সিট সংখ্যা ২১৬৬ টি | কার্যকর | প্রত্যাশিত সেবা পাচ্ছেন | মাইগভ প্লাটফর্ম ব্যবহার করে আবেদনপত্রটি ডিজিটাল করা হয়েছে। | এসপিএস ফোকাল এবং সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা /কর্মচারী | ২০১৬-১৭ |

হাসিনা আখতার খানম
সহকারী পরিচালক (অর্থ)
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা

জাকিয়া আফরোজ
পরিচালক (অতিরিক্ত সচিব)
মহিলা বিষয়ক অধিদপ্তর
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

ডিজিটাইজকৃত সেবা সমূহ

| ক্রমিক নং | ইতঃপূর্বে উদ্ভাবিত/ সহজিকৃত/ ডিজিটাইজকৃতসেবা/ আইডিয়ার নাম | সেবা/ আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/ আইডিয়াটি কার্যকর কিনা? কার্যকর না থাকলে কারণ | সেবা গ্রহীতারগণ প্রত্যাশিত সেবা পাচ্ছেন কিনা? | সেবার লিংক | সেবা/ আইডিয়াটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণকারী | বাস্তবায়নকাল (অর্থবছর) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১. | স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন রেজিস্ট্রেশন আবেদন প্রক্রিয়া | মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন মহিলা স্বেচ্ছাসেবী সংগঠন সমূহ রেজিস্ট্রেশনের জন্য মাঠ পর্যায়ের উপপরিচালকের কার্যালয়ে আবেদন করে থাকে | কার্যকর | প্রত্যাশিত সেবা পাচ্ছেন | http://cboreg.dwa.gov.bd | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে ইনোভেশনের আওতায় | ২০২০-২১ |
| ২. | মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের প্রশিক্ষণ সংক্রান্ত ডাটাবেইজ প্রস্তুতকরণ | মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন সদর কার্যালয় ও মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষনের প্রশিক্ষণ সংক্রান্ত ডাটাবেইজ প্রস্তুতকরণ | কার্যকর | প্রত্যাশিত সেবা পাচ্ছেন | http://114.130.119.229/admin | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে ইনোভেশনের আওতায় | ২০২০-২১ |
| ৩. | মহিলাদের আত্মকর্ম সংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম। | মহিলা বিষয়ক অধিদপ্তর থেকে তৃণমূল পর্যায়ের দু:স্থ মহিলাদের স্বাবলম্বী ও অর্থনৈতিক কর্মকান্ডে সম্পৃক্ত করার লক্ষ্যে আত্মকর্ম-সংস্থানের জন্য ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়ে থাকে। | কার্যকর নয় | প্রত্যাশিত সেবা পাচ্ছেন না | http://43.229.15.147<br>(সংশোধন চলছে) | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে ইনোভেশনের আওতায় | ২০২২-২৩ |
| ৪. | কর্মকর্তা কর্মচারীদের জন্য ডাটাবেজ প্রস্তুত | | কার্যকর নয় | প্রত্যাশিত সেবা পাচ্ছেন না | http://43.229.15.147<br>(সংশোধন চলছে) | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে ইনোভেশনের আওতায় | ২০২২-২৩ |

হাসিনা আখতার খানম
সহকারী পরিচালক (গর্ভ) ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা

জাকিয়া আফরোজ
পরিচালক (অতিরিক্ত সচিব)
মহিলা বিষয়ক অধিদপ্তর
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়